অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল হাডসন ভ্যালির সম্প্রদায়সমূহকে যুক্ত করা প্রায় 15 মিলিয়ন মার্কিন ডলারের ব্রিজ প্রতিস্থাপন প্রকল্পসমূহের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

10.9 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্প পাটনাম কাউন্টির মার্কিন রুট 6 ব্রিজ প্রতিস্থাপন করে, ব্রুস্টার ভিলেজের নিরাপত্তা ও সংযোগ উন্নত করে

4 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্প আলস্টার কাউন্টির ফ্যান্টাইন কিলের উপরের স্টেট রুট 209 ব্রিজ প্রতিস্থাপন করে, এটি এলেনভিল ভিলেজের একটি মুখ্য যাতায়াতের রুট

কাজ শেষ হওয়া মার্কিন রুট 6 প্রকল্পের ছবি পাওয়া যাবে এখানে, এবং স্টেট রুট 209 প্রকল্পের ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে হাডসন ভ্যালির সম্প্রদায়সমূহকে যুক্ত করা দুইটি ব্রিজ প্রতিস্থাপন প্রকল্পের নির্মাণ কাজ শেষ হয়েছে। পাটনাম কাউন্টির সাউথইস্ট টাউনের ব্রুস্টার ভিলেজের 10.9 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটি মেট্রো-নর্থ রেলরোডের (Metro-North Railroad) হারলেম রিভার লাইনের (Harlem River Line) উপরের মার্কিন রুট 6 ব্রিজটি প্রতিস্থাপিত করেছে। আলস্টার কাউন্টির ওয়াওয়ার্সিং টাউনের একটি 4 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্প ফ্যান্টাইন কিলের উপরের স্টেট রুট 209 ব্রিজকে প্রতিস্থাপিত করে।

"যখন আমরা আমাদের অবকাঠামোর পুনর্গঠন করছি তখন হাডসন ভ্যালি এবং পুরো নিউ ইয়র্ক স্টেটের সম্প্রদায়ের চাহিদা ও সংযোগকে অগ্রাধিকার ও গুরুত্ব প্রদান করা গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "আমরা এধরনের রূপান্তরকারী প্রকল্পের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ যা সম্প্রদায়সমূহকে আরো কাছে আনে এবং নিরাপত্তা, সুযোগ ও অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রচার করে।"

"এই দুইটি ব্রিজ প্রতিস্থাপনের কাজ শেষ হওয়া হাডসন ভ্যালির জন্য একটি বড় বিজয়, এগুলি এই সম্প্রদায়গুলিকে অঞ্চলের অন্যান্য সম্প্রদায়ের সাথে যুক্ত করে," **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন।** "আমাদের ব্রিজ ও রাস্তার মতো সেকেলে অবকাঠামো মেরামত করা নিউ ইয়র্ক স্টেটজুড়ে আমাদের ছোট টাউনগুলি যাতে সমৃদ্ধি ও প্রবৃদ্ধি করতে পারে তা নিশ্চিত করার জন্য অতি গুরুত্বপূর্ণ।"

মার্কিন রুট 6 ব্রিজ প্রকল্পটি ব্রুস্টার এবং এর রেল স্টেশনের একটি গেটওয়ে হিসেবে ব্যবহৃত একটি অধিকবার ভ্রমণ করা রাস্তায় নিরাপত্তা বৃদ্ধি করে এবং যাতায়াতের অবস্থা উন্নত করে। নতুন ব্রিজটি বিদ্যমান কাঠামোর 75 ফুট দক্ষিণে নির্মাণ করা হয়েছে, যা মাইকেল নিউনার ড্রাইভের (Michael Neuner Drive) সাথে একটি সরাসরি সংযোগ তৈরি করে এবং ডাউনটাউনে যাতায়াত ও ব্রুস্টারের পশ্চিম এলাকাগুলিতে আরো ভালো সংযোগ প্রদান করার ভিলেজের মূল পরিকল্পনার একটি লক্ষ্য পূরণ করে।

স্টেট রুট 209 ব্রিজ প্রকল্পটি একটি প্রায় 50 বছর পুরনো কাঠামোকে একটি নতুন, 43 ফুট, একটি রিএনফোর্সড কংক্রিট ডেকসহ স্টিল-গার্ডার স্প্যান দ্বারা প্রতিস্থাপিত করে যা নিরাপত্তা উন্নত করে এবং এলেনভিলকে কাছের শপিং সেন্টার এবং এলেনভিল আঞ্চলিক হাসপাতালের (Ellenville Regional Hospital) সাথে যুক্তকারী একটি অত্যাবশ্যকীয় সংযোজককে চলাচল বৃদ্ধি করে। এছাড়াও প্রকল্পটি পরিবেশ নিরাপদ রাখতে টেকসই প্রকৌশল অনুশীলন ব্যবহার করে।

পাটনাম কাউন্টির মার্কিন রুট 6 ব্রিজ

2019 সালের ফল মৌসুমে শুরু হওয়া এই প্রকল্পের একটি অংশ হিসেবে, মার্কিন রুট 6 কে মেট্রো নর্থ রেলরোডের উপর দিয়ে বহন করা বিদ্যমান তিন-স্প্যান ব্রিজটিকে একটি আধুনিক, একক স্প্যানের, একটি কংক্রিট ডেকসহ স্টিল গার্ডার ব্রিজ দ্বারা প্রতিস্থাপন করা হয়েছে যা রক্ষণাবেক্ষণের খরচ হ্রাস করে। এছাড়াও নতুন ব্রিজটিতে উন্নত নিরাপত্তা ব্যবস্থা রয়েছে যেমন আরো প্রশস্ত শোল্ডার এবং উভয় পাশে সুরক্ষা বেড়াসহ পথচারীদের ওয়াকওয়ে।

একটি সংযোজিত সুবিধা এবং সম্প্রদায়ের নান্দনিকতার সাথে মানানসই করার জন্য, নিউ ইয়র্ক স্টেট পরিবহন ডিপার্টমেন্টের (New York State Department of Transportation, NYSDOT) ল্যান্ডস্কেপ স্থপতিরা নতুন ল্যান্ডস্কেপিংয়ের জন্য একটি পরিকল্পনা বাস্তবায়ন করেছে, যেখানে আনুমানিক 75টি গাছ এবং 250টি ঝোপ আছে। পাশাপাশি, প্রকল্প এলাকার ঐতিহাসিক পাথরের স্তম্ভগুলিকে সংলগ্ন রাস্তার নতুন উচ্চতার সাথে মানানসই করতে উত্থিত করা হয়েছে। রুট 6 এবং মাইকেল নিউনার ড্রাইভের মোড়ে নতুন ট্র্যাফিক সিগন্যাল এবং ক্রসওয়াক স্থাপন করা হয়েছে। প্রকল্পব্যাপী একটি নতুন ড্রেনেজ ব্যবস্থা নির্মাণ করা হয়েছে, যার মধ্যে রয়েছে একটি নতুন প্রবাহ নিয়ন্ত্রণ কাঠামো স্থাপন এবং একটি নতুন ঝড়ের পানি বিশুদ্ধকরণ ব্যবস্থা যাতে পরিবেশকে নিরাপদ রাখা যায়। মাটির নিচের ইউটিলিটি কাজের মধ্যে আছে নতুন ব্রিজজুড়ে পানি, সিউয়ার, গ্যাস, এবং সংযোজক লাইন স্থাপন করা, এবং একইসাথে ব্রিজ সংলগ্ন বিদ্যমান মাটির নিচের ইউটিলিটি সংযোগসমূহকে প্রতিস্থাপিত করা।

নতুন ব্রিজ এবং রাস্তার পুনর্বিন্যাস নির্মাণের সময় বিদ্যমান ব্রিজ এবং রুট 6 এ ট্র্যাফিক চলাচল অব্যাহত রাখা হয়েছে।

আলস্টার কাউন্টির স্টেট রুট 209 ব্রিজ

নতুন ব্রিজের নির্মাণ কাজ শুরু হয় 2020 সালের বসন্তে। এতে রয়েছে পথচারীদের জন্য আরো প্রশস্ত সাইডওয়াক এবং স্টেট রুট 209 এ একটি নতুন ঘোরার লেন যাতে করে কাছের সংযুক্ত

সড়কগুলিতে, যেমন অ্যালুমিনিয়াম ড্রাইভ (Aluminum Drive), ওয়াশিংটন অ্যাভিনিউ (Washington Avenue) এবং এলেনরিজ পার্কওয়েতে (Ellenridge Parkway) যেতে থাকা ট্র্যাফিককে আরো ভালো জায়গা দেওয়া যায়। এছাড়াও অ্যালুমিনিয়াম ড্রাইভে একটি ক্যামেরা দ্বারা সক্রিয় একটি ট্র্যাফিক সিগন্যাল স্থাপন করা হয়েছে এবং ওয়াশিংটন অ্যাভিনিউয়ের সিগন্যালসমূহে উন্নয়ন করা হয়েছে। পাশাপাশি, এলেনরিজ পার্কওয়েতে এখন সহজতর চলাচলের জন্য শুধুমাত্র বাঁদিকে মোড় নেওয়ার লেন রয়েছে।

উন্নত ট্র্যাফিক নিয়ন্ত্রণ যন্ত্র এবং ঘোরার লেনগুলি যানবাহনের প্রবাহ উন্নত করবে এবং বসে থাকা ও নিঃসরণ হ্রাস করবে। মূল রাস্তার বেডের অ্যাসফাল্ট মিলিংও রিসাইকেল করা হয়েছে এবং ভবিষ্যৎ প্রকল্পে ব্যবহারের জন্য গ্রামটিকে দান করে দেওয়া হয়েছে। ইন্স্যুলেটেড না এমন পানি ও সিউয়ার লাইন যেগুলি মূল ব্রিজের সাইডওয়াক সংলগ্ন ছিলো, সেগুলি প্রতিস্থাপিত হয়েছে নতুন ব্রিজের কাঠামোর নিচের ইন্স্যুলেটেড পাইপ দ্বারা, যা জমে যাওয়া থেকে রক্ষা করবে এবং স্থিতিস্থাপকতা বৃদ্ধি করবে।

ফ্যান্টাইন কিল সংলগ্ন ঝর্ণার তীর সংস্কার করা হয়েছে, যা ব্রিজের জন্য একটি প্রাকৃতিক বর্ম তৈরি করেছে, এবং একটি আপস্ট্রিম ধরে রাখার দেওয়াল অপসারণ করা হয়েছে এবং একটি প্রাকৃতিক পাথরের ঢাল দ্বারা প্রতিস্থাপিত করা হয়েছে।

নিউ ইয়র্কের ড্রাইভার্স ফার্স্ট উদ্যোগের (Drivers First Initiative) সাথে সংগতি রেখে, প্রকল্পটিকে নকশা করা হয়েছে ট্র্যাফিকের প্রভাব সর্বনিম্ন করার জন্য। প্রকল্প চলাকালীন সময়ে পথচারী, বাইসাইকেল এবং মোটরচালকদের পার করার জন্য একটি অনসাইট অস্থায়ী ব্রিজ স্থাপন করা হয়েছিলো যাতে ট্র্যাফিক প্রবাহ বজায় রাখা যায় এবং ঘুরে চলার প্রয়োজন এড়ানো যায়।

NYSDOT কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "গভর্নর হোকল বুঝেন যে আমাদের সম্প্রদায়ের ভালো থাকা আমাদের পরিবহন অবকাঠামোর শক্তি ও নির্ভরযোগ্যতার সাথে জড়িয়ে আছে। এই প্রকল্পগুলি নিরাপত্তা ও সংযোগ বৃদ্ধি করে এবং এলেনভিল ও ব্রুস্টারের অত্যাবশ্যকীয় করিডোরসমূহ সংলগ্ন অবিরত যাতায়াত বজায় রাখতে সাহায্য করে। ব্রুস্টার ভিলেজের প্রতি আমাদের প্রতিশ্রুতির একটি অংশ হিসেবে, আমরা 2021 সালের আগস্ট মাসে ব্রুস্টারের দমকল ডিপার্টমেন্টের (Brewster Fire Department) 150তম বার্ষিকীর প্যারেডে স্থান প্রদানের একটি ব্যবস্থা গ্রহণ করেছি, যাতে প্রকল্প এলাকার মধ্যে দিয়ে প্যারেড রুট যেতে পারে।"

স্টেট সিনেটর পিট হারখ্যাম বলেন, "ব্রুস্টারে রুট 6 এর ব্রিজ প্রতিস্থাপন প্রকল্পের মতো গুরুত্বপূর্ণ অবকাঠামো বিনিয়োগ নিউ ইয়র্কের মহামারী পরবর্তী অর্থনৈতিক ফিরে আসাকে রক্ষা করার একটি অবিচ্ছেদ্য অংশ। এই প্রকল্পের কাজ শেষ হওয়ার ফলে স্থানীয় বাসিন্দা ও ব্যবসার মালিকেরা অনেক উপায়ে উপকৃত হবে এবং একই সাথে এই রাস্তায় চলাচলকারীদের গণনিরাপত্তা ঝুঁকির দিকেও নজর রাখা যাবে।"

সিনেটর মাইক মার্তুচি বলেন, "আপস্টেট নিউ ইয়র্কের স্টেট রুটগুলি দীর্ঘদিন ধরে অবহেলিত হয়েছে এবং এদের ভগ্নদশায় চলে যেতে দেওয়া হয়েছে। সারফেস দশাগুলিকে চলনসই থেকে মন্দ হিসেবে রেটিং দেওয়া হয়েছে, অর্থাৎ এই বয়িষ্ণু অবকাঠামোকে প্রতিস্থাপন

করতে আমাদের অনেক কাজ করতে হবে। সেই প্রক্রিয়াটি আমাদের সম্প্রদায়সমূহের দীর্ঘমেয়াদি অর্থনৈতিক সমৃদ্ধির এবং যাত্রীদের নিরাপত্তার চাবিকাঠি, তাই আমি আমার সিনেট জেলার এই প্রকল্পে পরিবহন ডিপার্টমেন্টের কাজ দেখে খুশি এবং আমি গুরুত্বপূর্ণ চাহিদা থাকা খাতে অর্থপূর্ণ অগ্রগতির প্রতি গভর্নরের প্রতিশ্রুতির জন্য তার প্রতি কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য ব্রায়ান মিলার বলেন, "আমি পাটনাম কাউন্টিতে রুট 6 ব্রিজ এবং আলস্টার কাউন্টিতে রুট 209 ব্রিজের কাজ শেষ হতে দেখে আনন্দিত। হাডসন ভ্যালিতে প্রায় 15 মিলিয়ন মার্কিন ডলারের এই অবকাঠামো বিনিয়োগটি বাসিন্দাদের জন্য অনেক গুরুত্বপূর্ণ। আমাদের অবকাঠামোতে বিনিয়োগ অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য ইতিবাচক, এটি বাসিন্দাদের জন্য সেবা পাওয়ার সুযোগ বৃদ্ধি করে দেয় এবং সার্বিকভাবে এই ব্রিজ ব্যবহারকারী মোটরচালকদের নিরাপত্তা বৃদ্ধি করে। আমি নিউ ইয়র্ক স্টেটের DOT-কে এইসব প্রকল্পে তাদের কাজের জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

আলস্টার কাউন্টির নির্বাহী প্যাট্রিক রায়ান বলেন, "আমি ফ্যান্টাইন কিলের উপরের স্টেট রুট 209 ব্রিজে বিনিয়োগ করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই, এটি রোন্ডাউট ভ্যালি এবং এর বাইরের যাতায়াত ও অর্থনৈতিক কর্মকাণ্ডের জন্য অত্যাবশ্যকীয়। এধরনের অবকাঠামো উন্নয়ন আমাদের সম্প্রদায়ের অত্যাবশ্যকীয় সংযোগ বজায় রাখে এবং একইসাথে বাসিন্দা ও এখানে বেড়াতে আসা মানুষের নিরাপত্তা একইভাবে নিশ্চিত করে, যখন তারা আলস্টার কাউন্টিকে উপভোগ করে।"

সাউথইস্ট টাউনের সুপারভাইজার টনি হে বলেন, "রুট 6 এর পুনর্বিন্যাস এবং নতুন ব্রিজটি কয়েক দশক পুরনো, বিভ্রান্তিকর এবং বিশৃঙ্খল তিন রাস্তার মোড়কে দারুণভাবে উন্নত করেছে এবং এখন তা একটি চার রাস্তার মোড় যা একটি ট্র্যাফিক লাইট দ্বারা নিয়ন্ত্রিত হয়। তা সত্ত্বেও, গ্রামে ট্র্যাফিক প্রভাব উন্নত করতে আমাদের কাজ অব্যাহত থাকবে এবং আমি ভবিষ্যতে এমন কিছু ব্যাপারে পরিবহন ডিপার্টমেন্টের দলের সাথে কাজ করতে উন্মুখ।"

ওয়াওয়ার্সিং টাউনের সুপারভাইজার টেরি হোক বলেন, "এলেনভিলের রুট 209 এ ফ্যান্টাইনকিলের উপরের ব্রিজটির প্রতিস্থাপন কাজটি গ্রহণ করা হয়েছে এলেনভিলের গণনিরাপত্তা বর্ধিত করতে, এটি আমাদের বাসিন্দা, প্রতিবেশী ও অঞ্চলের জন্য একটি মুখ্য যাতায়াতের রুট। ওয়াওয়ার্সিং টাউন সর্বাধিক গুরুত্বপূর্ণ এই ব্রিজ প্রতিস্থাপনের সাথে জড়িত সকলকে ধন্যবাদ জানাচ্ছে।"

ব্রুস্টার ভিলেজের মেয়র জেমস শোনিগ বলেন, "ব্রুস্টার ভিলেজ এর কেন্দ্রে এবং এলাকাটির প্রবেশপথগুলিতে একটি পরিবহনকেন্দ্রিক বিকাশের রূপে একটি মুখ্য পুনরুজ্জীবনের প্রক্রিয়ার মধ্যে দিয়ে যাচ্ছে যা ভবিষ্যতে কী হতে যাচ্ছে তার একটি নজির সৃষ্টি করবে। রুট 6 ব্রিজটি সর্বাধিক নতুন একটি প্রবেশের পয়েন্ট যা মানুষকে আমাদের সম্প্রদায়ে স্বাগত জানায়। ব্রুস্টার ভিলেজ আরো সমন্বিত এবং নিরাপদ একটি মোড় পেয়ে আনন্দিত, যা রুট 6 এ যাতায়াতকারীদের জন্য ভিলেজে প্রবেশের একটি পথ হিসেবে কাজ করবে। ব্রিজটি প্রতিবেশী টাউনসমূহ এবং আমাদের ভিলেজের বাসিন্দাদের যুক্ত করে, কিন্তু এছাড়াও এটি দ্রুতই

নতুনভাবে উন্নত হতে যাওয়া ক্লস্টার ভিলেজে মানুষ, পণ্য, এবং সেবা নিরাপদে নিয়ে আসার একটি সেতু হিসেবে কাজ করে।"

মোটরচালকদের ওয়ার্ক জোনে ধীর গতিতে এবং দায়িত্বশীলভাবে গাড়ি চালানোর আহ্বান জানানো হয়েছে। কাজের অঞ্চলে গতিসীমা অতিক্রম করলে তার জরিমানা দ্বিগুণ হয়। কোনো ওয়ার্ক জোনে দুই বা ততোধিক বার মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানোর জন্য দোষী সাব্যস্ত হওয়া একজন ব্যক্তির ড্রাইভিং লাইসেন্স স্থগিত করা হতে পারে।

ভ্রমণ সংক্রান্ত হালনাগাদ তথ্যের জন্য 511 এ ফোন করুন, 511NY.org ওয়েবসাইট দেখুন, অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

টুইটারে (Twitter) নিউ ইয়র্ক স্টেট DOT অনুসরণ করুন: @NYSDOT এবং @NYSDOTHV। ফেসবুকে NYSDOT খুঁজে পাবেন এই ঠিকানায় facebook.com/NYSDOT।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418